

মানুষ চাই আলোকিত-সবার জন্য উন্মুক্ত

চলনবিল গণকেন্দ্র পাঠাগার

CHALAN BEEL GONOKENDRA PATHAGAR

একটি বেসরকারি পাবলিক লাইব্রেরী ও শিক্ষা-সংস্কৃতি চর্চাকেন্দ্র

খুবজীপুর, গুরুদাসপুর, নাটোর।

Khubjipur, Gurudaspur, Natore-6440

স্থাপিতঃ ১৯৮৭ ইং

(গণ গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্তকরণ নং- নাটোর-০২, তারিখঃ ২৪/০১/২০১১ইং)

সূত্রঃ

তারিখঃ ০৭/০২/২০২৬ ইং

বরাবর ,

পরিচালক

জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃত বিষয়ক মন্ত্রণালয়

গ্রন্থ ভবন, ৫/সি, শহদি আবরার ফাহাদ

এভিনিউ, ঢাকা-১০০০।

বিষয়ঃ ৫ ফেব্রুয়ারি, ২০২৬ জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন প্রতিবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চলনবিল গণকেন্দ্র পাঠাগার, খুবজীপুর, গুরুদাসপুর, নাটোর। নিম্নরূপভাবে জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন করে।

কর্মসূচি সমূহঃ

- ১। র্যালীঃ “জ্ঞানেই মুক্তি, আগামীর ভিত্তি” শ্লোগান এবং নির্ধারিত লোগো সম্বলিত ব্যানার নিয়ে পাঠাগারের সভাপতি জনাব মোঃ আব্দুল কুদ্দুসের নেতৃত্বে পাঠাগারের সদস্য, কার্যকরী পরিষদের সদস্য, জনপ্রতিনিধি এবং পার্শ্ববর্তী শ্রীপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় এবং খুবজীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলীদের নিয়ে এক বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি পাঠাগার চত্বর হয়ে খুবজীপুর মেইন সড়ক ঘুরে আবার পাঠাগারে এসে শেষ হয়।





২। বই পাঠ কর্মসূচি এবং পাঠ প্রতিযোগিতাঃ এ পর্বে পাঠাগারের যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মোঃ সাজেদুর রহমান-এর উপস্থাপনায় শুরু করা হয়। বই পাঠ কর্মসূচিতে পাঠাগারের সদস্য এবং শ্রীপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় ও খুবজীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ১৫ জন শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রতিযোগিতার আয়োজন করা হয়।



৩। আলোচনা সভাঃ এ পর্বে মূল প্রতিপাদ্য বিষয়ের জ্ঞানেই মুক্তি, আগামীর ভিত্তির ওপর উদ্বুদ্ধকরণ বক্তব্যে অংশগ্রহণ করেন, যথাক্রমে জনাব মোঃ আব্দুল কুদ্দুস, সভাপতি, চলনবিল গণকেন্দ্র পাঠাগার, খুবজীপুর, গুরুদাসপুর, নাটোর। জনাব মোঃ সেলিম আজাদ, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), শ্রীপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়। জনাব মোঃ সাজেদুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক, চলনবিল গণকেন্দ্র পাঠাগার, খুবজীপুর, গুরুদাসপুর, নাটোর। জনাব মোঃ আরজ আলী, সহকারী শিক্ষক, খুবজীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়। জনাব ফরিদা পারভীন, সদস্য (সংরক্ষিত আসন), খুবজীপুর ইউনিয়ন পরিষদ।



ছাত্র-ছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন যথাক্রমে রাবেয়া খাতুন, ৯ম শ্রেণি, খুবজীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, সোহান, ৯ম শ্রেণি, খুবজীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়।





৪। পুরস্কার বিতরণঃ পরিশেষে পাঠাগারের সভাপতি জনাব মোঃ আব্দুল কুদস সাহেব বিজয়ীদের মাঝে পুরস্কার হিসাবে বই উপহার তুলে দেন।



আপনার বিশ্বস্ত
 সুলতান আহমেদ
 (সুলতান আহমেদ)
 সাধারণ সম্পাদক
 চলনবিল গণকেন্দ্র পাঠাগার
 খুবজীপুর, গুরুদাসপুর, নাটোর।
 (সুলতান আহমেদ)
 সাধারণ সম্পাদক
 চলনবিল গণকেন্দ্র পাঠাগার
 খুবজীপুর, নাটোর।